সর্বোচ্চ ২৭.৬°
সর্বনিম্ন ১৫.৩°
শিলিগুড়ি
বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৪৪ শতাংশ

বৃহস্পতিবারের পূর্বাভাস– পরিষ্কার আকাশ।

আমার শহর
উত্তরবঙ্গ সংবাদ ৭ ডিসেম্বর ২০১৭ তেরো

ট্রেড লাইসেন্স ছাড়াই
শিলিগুড়িতে বহাল তবিয়তে চলছে বহু প্যাথল্যাব

ভাস্কর বাগচী

শিলিগুড়ি, ৬ ডিসেম্বর ঃ শিলিগুড়ি শহরের অনেক প্যাথলজিক্যাল ল্যাবের ট্রেড লাইসেন্স নেই বলে অভিযোগ। অনেক ল্যাবের বিরুদ্ধে মাঝেমধ্যেই রিপোর্টে গড়মিল থাকার অভিযোগ ওঠে। তবু শিলিগুড়ি শহরের আনাচেকানাচে গজিয়ে ওঠা এই বেসরকারি ল্যাবগুলিতেই যেতে হয় শহরবাসীকে। বিশেষ করে গত তিন মাসে শহরে ডেঙ্গুর প্রকোপ বেড়ে যাওয়ায় ল্যাবগুলিতে প্রতিদিনই প্রচুর মানুষ রক্ত সহ বিভিন্ন পরীক্ষা করাতে ছুটছেন। কিন্তু একেকটি ল্যাবে একেক রকম রিপোর্ট আসায় সমস্যা পড়েছেন রোগী ও চিকিৎসকরা।

শিলিগুড়ি শহরের অনেক ল্যাবই চলছে পুরনিগমের কোনো ট্রেড লাইসেন্স ছাড়াই। কীভাবে লাইসেন্স ছাড়া পুরনিগম শহরে ল্যাবগুলিকে চলতে দিচ্ছে, তা নিয়ে প্রশ্ন উঠেছে। শুধু ট্রেড লাইসেন্সই নয়, মানা হচ্ছে না আরও অনেক নিয়মকানুন। ল্যাবগুলিতে যে সিরিঞ্জ ব্যবহার করে রোগীর রক্ত নেওয়া হয়, সেগুলি আলাদাভাবে প্যাকেটবন্দি করে পুরনিগমের মেডিকেল ওয়েস্টের গাড়িতে দেওয়ার নিয়ম। এজন্য পুরনিগমে ফি জমা করার কথা ল্যাব মালিকদের। কিন্তু শিলিগুড়ি শহরে কয়েকশো ল্যাব থাকলেও মাত্র ২৭টি

ল্যাব পুরনিগমে ওই ফি দেয় বলে জানা গিয়েছে। সেক্ষেত্রে বাকি ল্যাবগুলি সেই বর্জ্য কোথায় ফেলে, তা নিয়ে প্রশ্ন উঠেছে। বিশেষজ্ঞরা বলছেন, মেডিকেল ওয়েস্ট যত্রতত্র ফেললে শহরে দূষণ বৃদ্ধির পাশাপাশি বিভিন্ন রোগের প্রকোপ বৃদ্ধির সম্ভাবনাও বেড়ে যায়।

পুরনিগম জানিয়েছে, যে ল্যাবগুলি নিয়ম মানছে না, তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। পুরনিগমের পরিবেশ বিভাগের মেয়র পারিষদ মুকুল সেনগুপ্ত বলেন, 'আমাদের কাছে কিছু খবর রয়েছে। পুরনিগমের নিয়ম না মেনে কোনো ল্যাব শিলিগুড়িতে চলতে দেওয়া হবে না। আমরা শীঘ্রই বিষয়টি নিয়ে উপযুক্ত পদক্ষেপ নিচ্ছি।'

এদিকে, শিলিগুড়ি শহরে বেসরকারি ল্যাবগুলির একেকটিতে একেক রকম রিপোর্ট আসায় উদ্বেগ বাড়ছে বিভিন্ন মহলে। বহুবার বিষয়টি নিয়ে অভিযোগ উঠলেও কাজের কাজ কিছুই হয়নি।

সম্প্রতি এনিয়ে নড়েচড়ে বসেছে স্বাস্থ্য দপ্তর। দার্জিলিং জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ প্রলয় আচার্য বলেন, 'ল্যাবগুলি নিয়ে আমরা নানা অভিযোগ পাই। তদন্তের প্রেক্ষিতে ব্যবস্থাও নেওয়া হয়। বর্তমানে কিছু ল্যাবের বিরুদ্ধে অভিযোগ পেয়ে তদন্ত চলছে। প্রতিটি ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।'

> শুধু ট্রেড লাইসেন্সই নয়, মানা হচ্ছে না আরও অনেক নিয়মকানুন। ল্যাবগুলিতে যে সিরিঞ্জ ব্যবহার করে রোগীর রক্ত নেওয়া হয়, সেগুলি আলাদাভাবে প্যাকেটবন্দি করে পুরনিগমের মেডিকেল ওয়েস্টের গাড়িতে দেওয়ার নিয়ম। এজন্য পুরনিগমে ফি জমা করার কথা ল্যাব মালিকদের। কিন্তু শিলিগুড়ি শহরে কয়েকশো ল্যাব থাকলেও মাত্র ২৭টি ল্যাব পুরনিগমে ওই ফি দেয় বলে জানা গিয়েছে। সেক্ষেত্রে বাকি ল্যাবগুলি সেই বর্জ্য কোথায় ফেলে, তা নিয়ে প্রশ্ন উঠেছে।

রথখোলা–রবীন্দ্রনগর বাজারে চুরির আতঙ্কে ত্রস্ত সকলেই

শমিদীপ দত্ত ● শিলিগুড়ি

৬ ডিসেম্বর ঃ চুরির আতঙ্কে ত্রস্ত রথখোলা–রবীন্দ্রনগর বাজারে আসা ক্রেতা থেকে শুরু করে সবজি ব্যবসায়ীরা। অভিযোগ, এই বাজারের হলদিবাড়ি বাজার নামে খ্যাত অংশটিতে ভিড় হলেই চুরি হয়ে যাচ্ছে ক্রেতাদের মোবাইল। এমনকি ক্রেতাদের অসাবধানতার সুযোগ নিয়ে ভিড়ের মধ্যে তাদের টাকাপয়সার পাশাপাশি, বাজারের ব্যাগও চুরি হয়ে যাওয়ার অভিযোগ উঠেছে। এই অবস্থায় বাজারে পুলিশ প্রহরার দাবি জানিয়েছেন রথখোলা–রবীন্দ্রনগর ব্যবসায়ী কল্যাণ সমিতির সহসম্পাদক বাসুদেব ভাওয়াল। চুরির অভিযোগ ইতিমধ্যেই তাঁদের কাছে এসেছে। এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে বলে জানানো হয়েছে শিলিগুড়ি থানার পক্ষ থেকে।

প্রশাসনিক সূত্রে খবর, শহরে যে কয়টি উল্লেখযোগ্য বাজার রয়েছে সেগুলির মধ্যে অন্যতম রথখোলা–রবীন্দ্রনগর বাজার। বাজারের ফুলেশ্বরী নদীসংলগ্ন অংশটিতে কয়েক দশক ধরে

রথখোলা–রবীন্দ্রনগর বাজারের ফাইল চিত্র।

হলদিবাড়ি, গজলডোবা, মণ্ডলঘাট থেকে প্রায় শ–খানেক ব্যবসায়ী রোজ সবজি নিয়ে বসেন। সবজি বাজারের এই অংশটি পরবর্তীকালে হলদিবাড়ি বাজার নামেই পরিচিত হয়ে ওঠে। এই অঞ্চলের মধ্য দিয়ে যে রাস্তাটি গিয়েছে তা চওড়ায় বেশ কম। এরমধ্যেই রাস্তার দুইধারে ব্যবসায়ীরা বসায় রাস্তাটি আরও ছোটো হয়ে গিয়েছে। রাস্তাটি ক্রেতাদের ভিড়ে ভরে থাকে। অভিযোগ, এই ভিড়ের মধ্য থেকেই গত দুইমাস ধরে ক্রেতাদের পকেট থেকে চুরি হয়ে যাচ্ছে মোবাইল থেকে শুরু করে টাকা। শুধু তাই নয়, সবজি কেনার সময় কেউ বাজারের ব্যাগ তাদের পায়ের কাছে রাখলে তা নিমেষের মধ্যে গায়েব হয়ে যাচ্ছে। গত রবিবারও তিনটি মোবাইল চুরি হয়েছে বলে অভিযোগ করেছেন বাজারের ব্যবসায়ী থেকে শুরু করে ক্রেতারা। এ নিয়ে ইতিমধ্যে বাজারে গুঞ্জন শুরু হয়েছে। অঞ্জলি হালদার নামে এক ক্রেতা জানান, 'বাজারের যা অবস্থা তাতে কখন কী চুরি হয় কিছু বলা যায় না। কিন্তু এই বাজারটি আমাদের বাড়ির কাছে থাকায় এখানেই আমরা আসি। তবে এইভাবে চুরি বাড়তে থাকলে এই বাজার ছেড়ে অন্য বাজারে যাওয়া ছাড়া অন্য উপায় থাকবে না।' এ প্রসঙ্গে সবজি ব্যবসায়ী মনোরঞ্জন হালদার বলেন, 'কারা চুরি করছে আমরা বুঝতে পারছি না। কারও কিছু চুরি হলে স্বাভাবিকভাবেই তাঁরা আমাদের কাছে আসছেন। এই অবস্থায় ক্রেতাদের কাছে আমাদের বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠছে। আমাদের বাজারের নাম খারাপ হচ্ছে। প্রশাসন যদি এই বিষয়ে ব্যবস্থা নেয় তাহলে এই চুরি বন্ধ হয়। পাশাপাশি, যারা চুরি করছে তাদের ধরার জন্য আমরাও সজাগ রয়েছি এবং ক্রেতাদেরও সজাগ থাকার আবেদন জানাচ্ছি।'

যাত্রীপ্রতীক্ষালয় দখলমুক্ত করার দাবি

শিলিগুড়ি, ৬ ডিসেম্বর ঃ উত্তরবঙ্গ সংবাদের খবরের জেরে হিলকার্ট রোড সংলগ্ন বাস স্টপেজের যাত্রীপ্রতীক্ষালয়ের সামনে অবৈধভাবে চলা বাইকের পার্কিং পুরনিগমের উদ্যোগে ইতিমধ্যেই তুলে দেওয়া হয়েছে। এবার সেখানে রাজ্যের পরিবহণ দপ্তরের উদ্যোগে বসানো হল 'নো পার্কিং' বোর্ড। যাত্রীপ্রতীক্ষালয়টিকে কেন্দ্র করে রাজ্য সরকার এবং পুরনিগমের এই সক্রিয় ভূমিকায় খুশি শহরবাসী। তবে শুধু একটি যাত্রীপ্রতীক্ষালয়ই নয়, শহরে দখল হয়ে যাওয়া সমস্ত যাত্রীপ্রতীক্ষালয়ই এভাবে দখলমুক্ত করার দাবি জানিয়েছেন তাঁরা। মৃন্ময় দাস নামে শহরের এক বাসিন্দা বলেন, 'হিলকার্ট রোডের এই যাত্রীপ্রতীক্ষালয়টিকে দখলমুক্ত করতে যেভাবে পুরনিগম এবং রাজ্যের পরিবহণ দপ্তর ব্যবস্থা গ্রহণ করল তা সত্যিই খুব ভালো। কিন্তু শুধুমাত্র একটি যাত্রীপ্রতীক্ষালয় দখলমুক্ত করে কী হবে? শহরে থাকা সমস্ত যাত্রীপ্রতীক্ষালয়ই যদি তারা দখলমুক্ত করতে পারে তবেই আমরা নিশ্চিন্তে বিভিন্ন জায়গায় যাওয়ার জন্য প্রতীক্ষালয়গুলির ব্যবহার করতে পারব।'

প্রসঙ্গত, হিলকার্ট রোড সংলগ্ন যাত্রীপ্রতীক্ষালয়ের সামনে বহুদিন ধরেই অবৈধভাবে বাইক দাঁড় করিয়ে পুরনিগমের পার্কিং ফি দিয়ে টাকা তোলার অভিযোগ উঠছিল। এরপর বিষয়টি প্রকাশ হতেই পুরনিগমের উদ্যোগে প্রতীক্ষালয়টির সামনে ব্যারিকেড করে দেওয়ার পাশপাশি সেখানে পার্কিংয়ের টাকা আদায়ের লাইসেন্স পাওয়া ব্যক্তিকে সাবধান করে দেওয়া হয়। পরে সেখানে পরিবহণ দপ্তরের উদ্যোগে 'নো পার্কিং'–এর একটি বোর্ড লাগিয়ে দেওয়া হয়। কিন্তু পুরনিগম এবং পরিবহণ দপ্তর উভয়েই এই প্রতীক্ষালয়টিকে দখলমুক্ত করতে ব্যবস্থা গ্রহণ করলেও শহরের প্রধান তিন সড়কে ছড়িয়ে থাকা বাকি যাত্রীপ্রতীক্ষালয়কে দখলমুক্ত করতে কেন পুরসভা অথবা পরিবহণ দপ্তর কারও থেকেই কোনো ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না তা নিয়ে ইতিমধ্যেই প্রশ্ন উঠতে শুরু করেছে। সকাল হতেই যাত্রীপ্রতীক্ষালয়গুলিতে কোথাও হকাররা জামাকাপড়ের পসরা নিয়ে বসছে, আবার কোথাও দেদারে বিক্রি হচ্ছে চা থেকে তেলেভাজা। এই অবস্থায় শহরের বাকি প্রতীক্ষালয়গুলিকে দখলমুক্ত করতে কবে পুরনিগম অথবা পরিবহণ দপ্তর অথবা উভয়ই ব্যবস্থা গ্রহণ করবে তা নিয়ে শহরে জোরালো প্রশ্ন উঠেছে। এই প্রসঙ্গে মেয়র পারিষদ কমল আগরওয়াল বলেন, 'আমরা পুরনিগমের তরফ থেকে খুব দ্রুত বাকি যাত্রীপ্রতীক্ষালয়গুলিকে দখলমুক্ত করতে অভিযান চালাব।'

শিলিগুড়ি পুরসভার প্রাক্তন চেয়ারম্যান স্বপন সরকার প্রয়াত

শিলিগুড়ি, ৬ ডিসেম্বর ঃ চলে গেলেন শিলিগুড়ি পুরসভার প্রাক্তন চেয়ারম্যান স্বপন সরকার। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর। বুধবার সকালে আলিপুরদুয়ারে বোনের বাড়িতে স্বপনবাবু শেষনিশ্বাস ত্যাগ করেন। বার্ধক্যজনিত কারণেই তাঁর মৃত্যু হয়েছে বলে পরিবার সূত্রে জানা গিয়েছে। এদিন তাঁর মৃত্যুর খবর শিলিগুড়িতে পৌঁছাতেই আলিপুরদুয়ারে রওনা দেন শিলিগুড়ি পুরনিগমের ডেপুটি মেয়র রামভজন মাহাতো এবং পরিবেশ বিভাগের মেয়র পারিষদ মুকুল সেনগুপ্ত। রাতে তাঁর মরদেহ শিলিগুড়ি পুরনিগম এবং অনিল বিশ্বাস ভবনে নিয়ে যাওয়া হয়। এদিন, ভিয়েতনাম থেকে স্বপনবাবুর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন শিলিগুড়ি পুরনিগমের মেয়র অশোক ভট্টাচার্য।

প্রয়াত স্বপন সরকারকে শেষ শ্রদ্ধা। শিলিগুড়ি পুরনিগমে সৌরভ জোয়ারদারের তোলা ছবি।

প্রসঙ্গত, শিলিগুড়িতে বামফ্রন্ট পরিচালিত পুরসভার প্রথম চেয়ারম্যান ছিলেন স্বপন সরকার। ১৯৮১–৮৮ পর্যন্ত তিনি এই দায়িত্ব সামলেছিলেন। শিলিগুড়ি শহরের উন্নয়নে তিনি গুরুত্বপূর্ণ কাজ করেছিলেন। গরিব মানুষের জন্য বিভিন্ন প্রকল্পের পাশাপাশি পান্থনিবাস তৈরি সহ হিলকার্ট রোডের প্রশস্তকরণের ক্ষেত্রে তিনি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছিলেন। এমনকি, বিবেকানন্দ সুপার মার্কেট তৈরির পিছনেও তাঁর অবদান ছিল। এদিন সিপিএমের পক্ষ থেকে স্বপনবাবুর পরিবারকে সমবেদনা জানানোর পাশাপাশি, দলীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। দলের দার্জিলিং জেলা কমিটির সম্পাদক জীবেশ সরকার বলেন, ' শিলিগুড়ির উন্নয়নে যে কয়জন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন তাঁদের মধ্যে স্বপনবাবু অন্যতম। তাঁর আমলে সুসংহত বস্তি উন্নয়নের কাজ শুরু হয়েছিল। ক্রীড়াক্ষেত্রেও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।' শিলিগুড়ি ট্যাক্সেশন বার অ্যাসোসিয়েশনের পক্ষ থেকেও এদিন তাঁর মৃত্যুতে সমবেদনা জানানো হয়।

ডিমরুল্লা থেকে ফোর্স সরিয়ে নিল প্রশাসন

ইসলামপুর, ৬ ডিসেম্বর ঃ বুধবার ডিমরুল্লায় থেকে ফোর্স ফিরিয়ে নিয়ে শিয়ালতোড়ে বাইপাসের জমির দখল নিল ইসলামপুর মহকুমা প্রশাসন। শিয়ালতোড়ে জমির দখল নিতে গিয়ে প্রশাসনকে এদিন কোনো প্রতিরোধের মুখে পড়তে হয়নি। তবে, ডিমরুল্লায় এদিন আরও একটি অস্থায়ী প্রতিরোধ ক্যাম্প গড়ে উঠেছে। এদিন সেখানে ফোর্স ঢুকতেই সপরিবারে চাষিরা ক্যাম্পে জড়ো হন। পরে সেখান থেকে ফোর্স সরিয়ে প্রশাসন চারটি আর্থমুভার নিয়ে শিয়ালতোড়ে গিয়ে কাজ করে। ডেপুটি ম্যাজিস্ট্রেট থেনডুপ শেরপা বলেন, 'এদিন শিয়ালতোড়ে কাজ হয়েছে। বাইপাসের কাজ চলবে।'

–সংবাদ নিউজ সার্ভিস

স্কুলগুলির পরিকাঠামো খতিয়ে দেখতে মনিটরিং কমিটির দাবি

শিলিগুড়ি, ৬ ডিসেম্বর ঃ কলকাতার জিডি বিড়লা স্কুলে যৌন নিগ্রহের ঘটনার পর ছাত্রছাত্রীদের নিরাপত্তা নিয়ে রীতিমতো উদ্বিগ্ন বিভিন্ন মহল। তাই এবার শিলিগুড়ি শহরের সরকারি ও বেসরকারি ইংরেজি এবং বাংলামাধ্যম স্কুলগুলির পরিকাঠামো খতিয়ে দেখতে একটি মনিটরিং কমিটি গঠনের দাবি জানাল দার্জিলিং ডিস্ট্রিক্ট লিগ্যাল এইড ফোরাম, বৃহত্তর শিলিগুড়ি নাগরিক মঞ্চ ও গার্ডিয়ান ফোরাম অফ নর্থবেঙ্গলের সদস্যদের নিয়ে গড়া যৌথ মঞ্চ।

বুধবার এক সাংবাদিক বৈঠকে যৌথমঞ্চের তরফে সন্দীপন ভট্টাচার্য বলেন, 'আমরা চাইছি, প্রশাসনের একটা গাইডলাইন তৈরি করা হোক। এর আগে বিষয়টি নিয়ে আমরা উদ্যোগী হওয়ার পর বেশ কিছু স্কুলে সিসিটিভি ক্যামেরা বসানো হয়েছিল। কিন্তু তা পর্যাপ্ত নয়। এখনও বহুস্কুলে সিসিটিভি ক্যামেরা নেই। তাই আমরা চাই স্কুলগুলির পরিকাঠামো খতিয়ে দেখা হোক। এই বিষয়ে সবাইকে সম্মিলিতভাবে এগিয়ে আসা উচিত। এখনও বেশ কিছু স্কুলে কিছু ক্ষেত্রে গাফিলতি দেখা যাচ্ছে। সেই কারণে সরকারি কর্তা সহ আমাদের মতো স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যদের নিয়ে যদি একটি মনিটরিং কমিটি গঠন করা যায় তবে বাস্তব চিত্রটা পরিষ্কার হয়ে যাবে।' বৃহত্তর শিলিগুড়ি নাগরিক মঞ্চের সম্পাদক রতন বণিকের বক্তব্য, বহু স্কুলে সরকার ঘোষিত নির্দেশিকা মানা হয় না। যদি তা মানা হত, তবে জিডি বিড়লা স্কুলের মতো ঘটনা ঘটত না। সেই কারণে আমরা চাই, প্রশাসনের উদ্যোগেই একটি মনিটরিং কমিটি করা হোক। সেই কমিটি স্কুলে স্কুলে ঘুরে পরিকাঠামো পর্যালোচনা করবে। মাসে অন্তত একবার আলোচনায় বসবে। পুরো বিষয়টি জানিয়ে আমরা মহকুমাশাসকের কাছে চিঠিও দিয়েছি।' এদিনের সাংবাদিক বৈঠকে দার্জিলিং ডিস্ট্রিক্ট লিগ্যাল এইড ফোরামের সম্পাদক অমিত সরকারও উপস্থিত ছিলেন।

এদিকে, জিডি বিড়লা স্কুলের ঘটনার প্রতিবাদে বুধবার জয় বাংলার পক্ষ থেকে সেবক মোড়ে একটি প্রতিবাদ কর্মসূচির আয়োজন করা হয়। মুখে কালো কাপড় বেঁধে প্রতিবাদে মুখর হন সংগঠনের সদস্যরা।

শ্রী শ্রী অ্যাকাডেমির কর্মশালা মাটিগাড়ায়

শিলিগুড়ি, ৬ ডিসেম্বর ঃ বুধবার মাটিগাড়ার একটি অভিজাত ক্লাবে শ্রী শ্রী অ্যাকাডেমির পক্ষ থেকে শিশু নিরাপত্তা ও নির্যাতনের উপর একটি কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় বিভিন্ন স্কুলের অভিভাবকরা উপস্থিত ছিলেন। স্কুলের অধ্যক্ষা চন্দ্রমা প্রধান বলেন, 'বর্তমানে শিশুদের বিভিন্ন সময় নির্যাতনের শিকার হতে হয়। এছাড়া নিজেদের পরিচিত পরিবেশেও শিশুরা অনেক সময় নিরাপত্তাহীনতায় ভোগে। তাই ছোটো থেকেই বাড়ি ও স্কুলে নানা সচেতনতামূলক শিক্ষা দিয়ে শিশুদের সচেতন করার উদ্দেশ্যে আজ আমাদের এই কর্মশালার আয়োজন।' এদিন কর্মশালা শেষে স্কুলের পক্ষ থেকে উপস্থিত অভিভাবকদের হাতে একটি করে চারাগাছ তুলে দেওয়া হয়।

হাসপাতাল থেকে প্রতিদিন আবর্জনা তুলছে না পুরনিগম

হাসপাতালে জমে থাকা আবর্জনা পুড়িয়ে ফেলা হচ্ছে। –সংবাদচিত্র

রাহুল মজুমদার ● শিলিগুড়ি

৬ ডিসেম্বর ঃ চুক্তি অনুযায়ী শিলিগুড়ি জেলা হাসপাতাল থেকে দিনের দিন আবর্জনা তুলে নিয়ে যাওয়ার কথা পুরনিগমের। কিন্তু একদিন আবর্জনা তুলে নিয়ে গেলে পরের সাতদিন পুরকর্মীদের দেখা মিলছে না বলে অভিযোগ হাসপাতাল কর্তৃপক্ষের। ফলে আবর্জনা জমতে জমতে দুর্গন্ধ ছড়াচ্ছে হাসপাতাল চত্বরে। অন্যদিকে, কোনো উপায় না থাকায় প্রায়ই হাসপাতালের আবর্জনা পুড়িয়ে ফেলতে হচ্ছে কর্তৃপক্ষকে। হাসপাতাল চত্বরে আবর্জনা পোড়ানোর ফলে তা থেকে যে ধোঁয়া বের হচ্ছে তাতে সমস্যায় পড়তে হচ্ছে রোগীদের। এই সমস্যার জন্য সোজাসুজি শিলিগুড়ি পুরনিগমকেই দায়ী করেছেন শিলিগুড়ি জেলা হাসপাতালের সুপার ডাঃ অমিতাভ মণ্ডল। শিলিগুড়ি জেলা হাসপাতালের আবর্জনার কিছুটা অংশ নেওয়ার দায়িত্ব রয়েছে শিলিগুড়ি পুরনিগমের। রাজ্য সরকারের পক্ষ থেকেই শিলিগুড়ি পুরনিগমের সঙ্গে এই চুক্তি করা হয়েছিল। কিন্তু অভিযোগ, সঠিক সময়ে আবর্জনা নিয়ে যাচ্ছে না পুরনিগমের কর্মীরা। ফলে সেই জমে থাকা আবর্জনা থেকে দুর্গন্ধ যেমন ছড়াচ্ছে তেমনি ঘুরে বেড়াচ্ছে ছুঁচো, ইঁদুর। ফলে সেখান থেকে রোগ সংক্রমণের আশঙ্কাও থেকে যাচ্ছে। যে কারণে একপ্রকার বাধ্য হয়ে আবর্জনা পুড়িয়ে ফেলতে হচ্ছে জেলা হাসপাতাল কর্তৃপক্ষকে। এদিকে, হাসপাতাল চত্বরে আবর্জনা পোড়ানোর ফলে দুর্গন্ধ ছড়াচ্ছে। ফলে শ্বাসকষ্টজনিত সমস্যায় ভুগতে হচ্ছে হাসপাতালে আসা রোগী এবং তাঁদের পরিজনদের। হাসপাতাল সূত্রে খবর, আবর্জনা জমতে শুরু করলে পুরনিগমে ফোন করে তা জানানো হয়। কখনও তারা এসে আবর্জনা তুলে নিয়ে যায়। কিন্তু পরের দিন থেকে আবার একই অবস্থা দাঁড়ায়। অভিযোগ, পুরনিগমের বিভিন্ন বৈঠকেও বিষয়টি জানিয়েছেন খোদ হাসপাতাল সুপার অমিতাভ মণ্ডল। অমিতাভবাবু বলেন, 'পুরনিগমের কর্মীরা আবর্জনা নিতে দেরি করে। বিষয়টি একাধিকবার তাদের বলেছি আমরা। কিন্তু কোনো পরিবর্তন হয়নি।' এই বিষয়ে শিলিগুড়ি পুরনিগমের স্যানিটারি ইনস্পেকটর গণেশ ভট্টাচার্য বলেন, 'আমাদের গাড়ি প্রতিদিন সকালেই হাসপাতালে যায়। তবুও হাসপাতাল সুপার যখন বলছেন, তখন আমি বিষয়টি খোঁজ নিয়ে দেখছি।'

নজরে শহর

স্ত্রীকে খুনের দায়ে যাবজ্জীবন কারাদণ্ড

শিলিগুড়ি, ৬ ডিসেম্বর ঃ স্ত্রীকে খুনের দায়ে এক ব্যক্তিকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিল আদালত। অভিযুক্ত রাজীব কুমারকে বুধবার যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও দশ হাজার টাকা জরিমানার নির্দেশ দিয়েছেন শিলিগুড়ি মহকুমা আদালতের অ্যাডিশনাল সেশন জজ (ফাস্ট ট্র্যাক) তাপসকুমার রায়। খুনের ঘটনায় মঙ্গলবার ওই ব্যক্তি আদালতে দোষী সাব্যস্ত হয়েছিল। এদিন সাজা ঘোষণা করা হয়। অভিযুক্তের মেয়েদের অভিযোগের ভিত্তিতেই শিলিগুড়ি থানার পুলিশ তাকে গ্রেফতার করেছিল।

পুলিশ সূত্রে খবর, ২০১২ সালের ২৪ অক্টোবর শিলিগুড়ি থানা সংলগ্ন এলাকার একটি আবাসনে এক গৃহবধূর দেহ উদ্ধার করে পুলিশ। ওই মহিলার স্বামী রাজীব কুমারকে গুরুতর জখম অবস্থায় উদ্ধার করা হয়। এই ঘটনায় রাজীবের বিরুদ্ধে শিলিগুড়ি থানায় অভিযোগ দায়ের করে তার দুই মেয়ে। সেই অভিযোগের ভিত্তিতেই তদন্তে নেমে রাজীব কুমারকে গ্রেফতার করে শিলিগুড়ি থানার পুলিশ। তদন্তে নেমে পুলিশ জানতে পারে, একটি চপার দিয়ে নিজের স্ত্রীকে খুন করেছে রাজীব। পাশাপাশি, সে নিজেও আত্মহত্যার চেষ্টা করে। পুলিশ তল্লাশি চালিয়ে খুনে ব্যবহৃত চপারও উদ্ধার করে। আদালতে ১৫ জন রাজীবের বিরুদ্ধে সাক্ষ্য দেন। সমস্ত সাক্ষ্য প্রমাণ বিবেচনার পর বিচারক অভিযুক্তকে দোষী সাব্যস্ত করেন। বুধবার তার সাজা ঘোষণা করা হয়। এই মামলায় সরকারি আইনজীবী ছিলেন সন্দীপ নন্দী ও সমীরণ সূত্রধর। এদিন সন্দীপবাবু বলেন, 'অভিযুক্তের বিরুদ্ধে তার স্ত্রীকে খুনের অভিযোগ উঠেছিল। সেই ঘটনায় বিচারক তাকে দোষী সাব্যস্ত করে সাজা ঘোষণা করেছেন।'

পুলিশের বিরুদ্ধে অভিযোগ

শিলিগুড়ি, ৬ ডিসেম্বর ঃ স্বামীর বিরুদ্ধে এক মহিলার সঙ্গে বিবাহ বহির্ভূত সম্পর্কে জড়িয়ে বাড়ি থেকে চলে যাওয়ার অভিযোগ তুললেন এক গৃহবধূ। বুধবার সাংবাদিক বৈঠক করে এই অভিযোগ তুলেছেন দেশবন্ধুপাড়ার সুচন্দ্রা দাস (পাল)। তাঁর আরও অভিযোগ, এ ব্যাপারে থানায় অভিযোগ দায়ের করার পরেও পুলিশ কোনো ব্যবস্থা নিচ্ছে না। সুচন্দ্রাদেবী বলেন, 'চলতি বছর ২৪ সেপ্টেম্বর হঠাৎই আমার স্বামী পেশায় মেডিকেল রিপ্রেজেন্টেটিভ দেবাশিস দাস নিখোঁজ হয়ে যান। এনজেপি থানায় নিখোঁজ সংক্রান্ত অভিযোগ দায়ের করা হয়। কিছুদিন পর জানা যায় তিনি অন্য এক মহিলার সঙ্গে থাকতে শুরু করেছেন।' তাঁর অভিযোগ, শ্বশুরবাড়ির প্রত্যেকে বিষয়টি জানেন। যার জেরে তাঁকে বাপের বাড়িতে আশ্রয় নিতে হয়েছে। এ কারণে তিনি স্বামী ও শ্বশুরবাড়ির সদস্যদের বিরুদ্ধে ৪৯৮ ধারায় মামলাও করেছেন। কিন্তু সমস্ত ঘটনা জানানো হলেও পুলিশ কোনো ব্যবস্থা নিচ্ছে না। সই জাল করে ডাকঘরে তাঁর অ্যাকাউন্ট থেকে দেবাশিস দাস দুই লক্ষ টাকা তুলে নিয়েছেন বলেও ওই গৃহবধূ অভিযোগ করেছেন। এনজেপি থানার পুলিশ অবশ্য জানিয়েছে, সমস্ত অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে।

ব্যাংকে চুরির চেষ্টায় চাঞ্চল্য

ইসলামপুর, ৬ ডিসেম্বর ঃ মঙ্গলবার রাতে ইসলামপুর থানার ডিমরুল্লায় একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের শাখায় চুরির চেষ্টায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। বুধবার খবর পেয়ে ব্যাংক কর্তৃপক্ষ এবং পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ওই রাতে ব্যাংকের গ্রিল ভেঙ্গে দুষ্কৃতীরা ভেতরে ঢোকার চেষ্টা করে। ব্যাংকের সংশ্লিষ্ট শাখার ম্যানেজার রাহুল কুমার বলেন, ব্যাংকের কোনো কিছু চুরি বা খোয়া যায়নি। তবে, পুলিশের কাছে অভিযোগ জানানো হয়েছে। ইসলামপুর থানার পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত শুরু হয়েছে। দুষ্কৃতীদের চিহ্নিত করার চেষ্টা চলছে।

–সংবাদ নিউজ সার্ভিস

চক্ষু পরীক্ষা শিবির

বাগডোগরা, ৬ ডিসেম্বর ঃ মাটিগাড়া সৎ সংঘ নগরের জীবনজ্যোতি সমিতির তরফে বুধবার বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির করা হয়। শিলিগুড়ি গ্রেটার লায়ন্স আই হসপিটালের সহযোগিতায় এই শিবিরে ৪৬৬ জনের চোখ পরীক্ষা করা হয়। এঁদের মধ্যে ২০ জনকে ছানি অপারেশনের জন্য চিহ্নিত করে তাঁদের অপারেশনের সমস্ত ব্যবস্থা করা হয়। এছাড়া, শিবিরে বিনামূল্যে চশমা দেওয়া হয়। শিবিরে মহকুমা পরিষদের সভাধিপতি তাপস সরকার ও পঞ্চায়েত সমিতির সভাপতি তারা প্রধান উপস্থিত ছিলেন।

–সংবাদ নিউজ সার্ভিস